

তারিখ
পৃষ্ঠা	৭
কলাম	৬

পাচাররোধে কম্পিউটারের ওপর শুদ্ধারোপ করা হয়েছে

শিক্ষামন্ত্রী

বক্তৃতা থেকে নিজস্ব সর্বোদ্যোগে :
শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক
বলেছেন, সরকার রাজস্ব বৃদ্ধির জন্য
বাজেটে কম্পিউটারের ওপর শুদ্ধারোপ
করেনি, ভারতে পাচার হয় বলে কৌশলগত
কারণে এ সিদ্ধান্ত নিয়েছে। একটি
কম্পিউটার কিনতে ২/৩ হাজার টাকা বেশি
খরচ পড়তে পারে; কিন্তু সার্বিকভাবে রাষ্ট্র
উপকৃত হবে।

তিনি বৃহস্পতিবার দুপুরে নট্রামস
মিলনায়তনে বাংলাদেশ ইন্সটিটিউট অফ
অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট
(বিয়াম) ও নট্রামস যৌথ পরিচালনায়
বেসিক কম্পিউটার কোর্স ও নির্বাচিত
মাধ্যমিক বিদ্যালয়ে নবম শ্রেণীতে
কম্পিউটার শিক্ষক প্রশিক্ষণ কোর্সের
উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে
এ কথা বলেন।

শিক্ষা সচিব মোহাম্মদ শহিদুল আলমের
সভাপতিত্বে ওই অনুষ্ঠানে অন্যদের মধ্যে
বক্তৃতা করেন নট্রামস পরিচালক প্রফেসর
নুরুল আলম, নবম শ্রেণীতে কম্পিউটার
কোর্স প্রবর্তন প্রকল্প পরিচালক চৌধুরী
বাবুল হাসান, বগুড়ার ডিসি সাফিজ উদ্দিন
আহমেদ, মন্ত্রী পত্নী রানা ফারুক, সাংসদ
হেলালুজ্জামান তালুকদার, জেলা বিএনপি
সভাপতি অ্যাডভোকেট মাহবুবুর রহমান ও
সাধারণ সম্পাদক রেজাউল করিম বাদশা।